# ইসলামিক ফাউন্ডেশন

[প্রতিষ্ঠাতা: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান]

**ধর্ম বিষয়ক মন্ত্রণালয়**

আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা ১২০৭

## ইসলামিক ফাউন্ডেশনের ১৫৬তম মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি : ড. মোঃ মুশফিকুর রহমান
মহাপরিচালক (অতিরিক্ত সচিব), ইসলামিক ফাউন্ডেশন।

তারিখ ও সময় : ২৮ ফেব্রুয়ারি ২০২১ বিকাল ৩:০০ টা।

স্থান : ইসলামিক ফাউন্ডেশন সভাকক্ষ (২য় তলা), আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা ১২০৭।

সভায় প্রধান কার্যালয়ের সকল পরিচালক ও প্রকল্প পরিচালকগণ ইসলামিক ফাউন্ডেশন সভাকক্ষে উপস্থিত হন এবং বিভিন্ন বিভাগের বিভাগীয় পরিচালকগণ জুমে সংযুক্ত হন (উপস্থিতি তালিকা পরিশিষ্ট 'ক' তে সংযুক্ত)। পবিত্র কুরআন তিলাওয়াতের মাধ্যমে সভার কার্যক্রম শুরু হয়।

২। সমন্বয় বিভাগের পরিচালক নবনিযুক্ত মহাপরিচালককে তাঁর প্রথম সমন্বয় সভায় স্বাগত ও অভিনন্দন জানান। মহাপরিচালক জুমে সংযুক্ত বিভাগীয় কার্যালয়ের পরিচালকদের সাথে পরিচিত হন।

৩। সভায় ১৫৫তম মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ দৃঢ়ীকরণের বিষয়ে কোন দ্বিমত না থাকায় উক্ত কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। মহাপরিচালক বলেন, ইসলামিক ফাউন্ডেশনের বিভাগীয় ও জেলা কার্যালয়ের মাধ্যমে যে কোন কর্মসূচি বাস্তবায়নান্তে বিভাগীয় পরিচালকগণ বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন সমন্বয় বিভাগে অবশ্যই প্রেরণ করবেন।

৪। অতঃপর সভায় বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনা ও নিম্নরূপভাবে সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০১ | ঐতিহাসিক ৭ মার্চ উদযাপন | মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ১৫ ফেব্রুয়ারি ২০২১ তারিখে জারিকৃত প্রজ্ঞাপনে ঐতিহাসিক ৭ই মার্চ উদযাপন উপলক্ষে জাতীয় পতাকা উত্তোলন করার নির্দেশনা প্রদান করা হয়। এমতাবস্থায়, ৭ মার্চ ২০২১ তারিখে ইসলামিক ফাউন্ডেশনের সকল অফিস ভবনে জাতীয় পতাকা উত্তোলন করা যেতে পারে। এছাড়া জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ মহান মুক্তিযুদ্ধে সকল শহিদের রূহের মাগফিরাত কামনা করে বায়তুল মোকাররম জাতীয় মসজিদসহ সকল মসজিদে বিশেষ দোয়ার ব্যবস্থা করা যেতে পারে। | ঐতিহাসিক ৭ মার্চ উদযাপন উপলক্ষে ইসলামিক ফাউন্ডেশনের আগারগাঁওস্থ প্রধান কার্যালয়, বায়তুল মোকাররম কার্যালয়, বিভাগীয় ও জেলা কার্যালয়, ৫০টি ইসলামিক মিশন কেন্দ্র ও ৭টি ইমাম প্রশিক্ষণ একাডেমিসহ অন্যান্য সকল অফিস ভবনে জাতীয় পতাকা উত্তোলন করতে হবে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ মহান মুক্তিযুদ্ধে সকল শহিদের রূহের মাগফিরাত কামনা করে বিরাজমান করোনাভাইরাস পরিস্থিতিতে স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক বায়তুল মোকাররম জাতীয় মসজিদসহ সকল মসজিদে বিশেষ দোয়ার ব্যবস্থা করতে হবে। স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয় করে বিভাগীয়/জেলা কার্যালয়ের কর্মসূচি বাস্তবায়ন করতে হবে। | পরিচালক, সমন্বয় বিভাগ/দীনী দাওয়াত ও সংস্কৃতি বিভাগ/বিভাগীয় কার্যালয় |
| ০২ | ১৪৪২ হিজরি সনের পবিত্র শবে মি'রাজ পালন | যথাযোগ্য ধর্মীয় মর্যাদা ও ভাবগাম্ভীর্য পরিবেশে আগামী ২৬ রজব ১৪৪২, ২৬ ফাল্গুন ১৪২৭, ১১ মার্চ ২০২১ বৃহস্পতিবার দিবাগত রাতে পবিত্র শবে | ১৪৪২ হিজরি সনের পবিত্র শবে মি'রাজ উপলক্ষে ১১ মার্চ ২০২১ তারিখে বায়তুল মোকাররম জাতীয় মসজিদে স্বাস্থ্যবিধি অনুসরণ করে | পরিচালক, সমন্বয় বিভাগ/দীনী দাওয়াত ও |

| | | | | |
|---|---|---|---|---|
| | | মি'রাজ পালিত হবে। এ উপলক্ষে বায়তুল মোকাররম জাতীয় মসজিদে আলোচনা সভা/ওয়াজ মাহফিল আয়োজন করা যেতে পারে। পবিত্র শবে মিরাজ পালনের জন্য জেলা পর্যায়ে ৩০০০/- (তিন হাজার) টাকা বরাদ্দ রয়েছে। কোভিড-১৯ পরিস্থিতিতে বরাদ্দকৃত অর্থ ব্যয়ে ওয়াজ মাহফিল/আলোচনা সভা আয়োজনের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা যেতে পারে। | আলোচনা সভা ও বিশেষ দোয়ার আয়োজন করতে হবে। এছাড়া ইসলামিক ফাউন্ডেশনের সকল বিভাগীয়/জেলা কার্যালয়ের মাধ্যমে বরাদ্দকৃত অর্থ ব্যয়ে স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক আলোচনা সভা ও বিশেষ দোয়ার ব্যবস্থা করতে হবে। | সংস্কৃতি বিভাগ/বিভাগীয় কার্যালয় |
| ০৩ | ২২ মার্চ প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৭৫ সালের ২২ মার্চ এক অধ্যাদেশ বলে ইসলাম প্রচার প্রসারের লক্ষ্যে ইসলামিক ফাউন্ডেশন প্রতিষ্ঠা করেন। ২২ মার্চ ২০২১ তারিখে ইসলামিক ফাউন্ডেশনের ৪৬ তম প্রতিষ্ঠাবার্ষিকী। প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে জেলা পর্যায়ে আলোচনা সভা ও বিশেষ দোয়া আয়োজনের জন্য ৭,০০০/- (সাত হাজার) টাকা বরাদ্দ রয়েছে। এ বিষয়ে সভায় আলোচনান্তে সিদ্ধান্ত গ্রহণ করা যেতে পারে। | ২২ মার্চ ২০২১ তারিখে ইসলামিক ফাউন্ডেশনের ৪৬ তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপনের নিমিত্ত কর্মসূচি নির্ধারণের লক্ষ্যে নিম্নলিখিত কমিটি গঠন করা হলো:<br>১ – জনাব মোহাম্মদ মহীউদ্দিন মজুমদার পরিচালক, সমন্বয় বিভাগ – আহ্বায়ক<br>২ – জনাব মোঃ আফজাল উদ্দিন পরিচালক, অর্থ ও হিসাব বিভাগ – সদস্য<br>৩ – ডাঃ এ বি এম জাহাঙ্গীর আলম পরিচালক, ইসলামিক মিশন – সদস্য<br>৪ – জনাব আনিছুর রহমান সরকার পরিচালক, দীনী দাওয়াত ও সংস্কৃতি বিভাগ – সদস্য<br>৫ – জনাব মোঃ জিয়াউর রহমান, উপসচিব – সদস্য | |
| ০৪ | ২৫ মার্চ গণহত্যা দিবস পালন | ২৫ মার্চ গণহত্যা দিবস উপলক্ষে বায়তুল মোকাররম জাতীয় মসজিদসহ সকল মসজিদে বিশেষ দোয়ার ব্যবস্থা করা যেতে পারে। এ খাতে জেলা পর্যায়ে কোন বরাদ্দ নেই। | ২৫ মার্চ গণহত্যা দিবস উপলক্ষে ২৫ মার্চ ২০২১ তারিখে স্বাস্থ্যবিধি অনুসরণ করে বায়তুল মোকাররম জাতীয় মসজিদসহ দেশের সকল মসজিদে বিশেষ দোয়ার ব্যবস্থা করতে হবে। | পরিচালক, সমন্বয় বিভাগ/দীনী দাওয়াত ও সংস্কৃতি বিভাগ/বিভাগীয় কার্যালয় |
| ০৫ | ২৬ মার্চ স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে আলোচনা সভা ও বিশেষ দোয়ার আয়োজন | মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ১৫ ফেব্রুয়ারি ২০২১ তারিখে জারিকৃত প্রজ্ঞাপনে ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে জাতীয় পতাকা উত্তোলন করার নির্দেশনা প্রদান করা হয়। এমতাবস্থায়, ২৬ মার্চ ২০২১ তারিখে ইসলামিক ফাউন্ডেশনের সকল অফিস ভবনে জাতীয় পতাকা উত্তোলন করা যেতে পারে। এছাড়া এ উপলক্ষে বায়তুল মোকাররম জাতীয় মসজিদসহ সকল মসজিদে বিশেষ দোয়ার ব্যবস্থাসহ আলোচনা সভার আয়োজন করা যেতে পারে। | যথাযোগ্য মর্যাদায় ২৬ মার্চ স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন উপলক্ষে ইসলামিক ফাউন্ডেশনের আগারগাঁওস্থ প্রধান কার্যালয়, বায়তুল মোকাররম কার্যালয়, সকল বিভাগীয় ও জেলা কার্যালয়, ৫০টি ইসলামিক মিশন কেন্দ্র ও ৭টি ইমাম প্রশিক্ষণ একাডেমিসহ অন্যান্য সকল অফিস ভবনে জাতীয় পতাকা উত্তোলন করতে হবে। এছাড়া প্রধান কার্যালয়, বিভাগীয় ও জেলা কার্যালয়ের উদ্যোগে স্বাস্থ্যবিধি অনুসরণ করে 'স্বাধীনতার গুরুত্ব ও তাৎপর্য' শীর্ষক আলোচনা সভা ও বিশেষ দোয়ার ব্যবস্থা করতে হবে। ইসলামিক ফাউন্ডেশনের আগারগাঁওস্থ প্রধান কার্যালয়, বায়তুল মোকাররম কার্যালয় ও বিভাগীয় কার্যালয় ভবনে আলোকসজ্জার ব্যবস্থা করতে হবে। অর্থ ও হিসাব বিভাগ কর্তৃক প্রয়োজনীয় অর্থের ব্যবস্থা করতে হবে। | পরিচালক সমন্বয় বিভাগ/অর্থ ও হিসাব বিভাগ/দীনী দাওয়াত ও সংস্কৃতি বিভাগ/বিভাগীয় কার্যালয় |
| ০৬ | জাতীয় পর্যায়ে শিশু-কিশোর সাংস্কৃতিক | ২০১৬-১৭, ২০১৭-১৮ ও ২০১৮-১৯ অর্থবছরের শিশু-কিশোর সাংস্কৃতিক প্রতিযোগিতার উপজেলা ও জেলা | আগামী ৩০ মার্চ ২০২১ তারিখে শিক্ষা প্রতিষ্ঠান খোলা সাপেক্ষে পরবর্তী সমন্বয় সভায় এ বিষয়ে | পরিচালক সমন্বয় বিভাগ |

| | | | | |
|---|---|---|---|---|
| | প্রতিযোগিতা আয়োজন | পর্যায়ে প্রতিযোগিতা আয়োজন করা হয়েছে। জাতীয় পর্যায়ে শিশু-কিশোর সাংস্কৃতিক প্রতিযোগিতা আয়োজন করা যায়নি। কোভিড-১৯ পরিস্থিতির কারণে শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকায় ২০১৯-২০ ও ২০২০-২১ অর্থ বছরের উপজেলা, জেলা ও বিভাগীয় পর্যায়ের শিশু-কিশোর সাংস্কৃতিক প্রতিযোগিতা আয়োজন করা যায়নি। উক্ত প্রতিযোগিতা আয়োজন করা যেতে পারে। | আলোচনান্তে সিদ্ধান্ত গ্রহণ করা হবে। | |
| ০৭ | কোভিড-১৯ সংক্রমণ প্রতিরোধে ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক গৃহীত কার্যক্রমের সমন্বয়ে বুকলেট প্রস্তুত, মুদ্রণ ও প্রকাশ | ২০১৯ সালের ডিসেম্বর মাসে সর্বপ্রথম চীনের হুবেই প্রদেশের উহান নগরীতে করোনাভাইরাসের প্রাদুর্ভাব শনাক্ত করা হয়। বাংলাদেশে ৮ মার্চ ২০২০ তারিখে প্রথম করোনা ভাইরাস শনাক্ত হয় এবং ১৮ মার্চ করোনা ভাইরাসে সংক্রমিত হয়ে প্রথম রোগী মারা যায়। করোনাভাইরাস থেকে নিরাপদ থাকার বিষয়ে ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক ৬ মার্চ ২০১৯ শুক্রবার বাদ জুমআ বায়তুল মুকাররম জাতীয় মসজিদসহ দেশের সকল মসজিদে বিশেষ দোয়া ও মুনাজাতের ব্যবস্থা করা হয়। এরপর করোনাভাইরাস সংক্রমণ নিয়ন্ত্রণে সচেতনতা সৃষ্টিতে ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা হয়। কোভিড-১৯ সংক্রমণ প্রতিরোধে ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক গৃহীত কার্যক্রমের একটি বুকলেট প্রস্তুত, মুদ্রণ ও প্রকাশ করা যেতে পারে। | কোভিড-১৯ সংক্রমণ প্রতিরোধে ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক গৃহীত কার্যক্রমের সমন্বয়ে একটি আকর্ষণীয় বুকলেট প্রস্তুত, মুদ্রণ ও প্রকাশের ব্যবস্থা করতে হবে। অর্থ ও হিসাব বিভাগ কর্তৃক প্রয়োজনীয় অর্থের ব্যবস্থা করতে হবে। | পরিচালক, সমন্বয় বিভাগ/ অর্থ ও হিসাব বিভাগ |
| ০৮ | ৪টি সামাজিক সমস্যার ওপর কাউন্টার ন্যারেটিভ প্রস্তুত | (অ) জঙ্গিবাদ, (আ) মাদকাসক্তি, (ই) দুর্নীতি ও (ঈ) গুজব- এই ৪টি সামাজিক সমস্যার বিষয়ে জুমআর বয়ানে বক্তব্য প্রদানের লক্ষ্যে কাউন্টার ন্যারেটিভ প্রস্তুত করা যেতে পারে। এজন্য আলেম-ওলামার সমন্বয়ে একটি কমিটি গঠন করা যেতে পারে। | বর্ণিত ৪টি সামাজিক সমস্যার ওপর বিদ্যমান কাউন্টার ন্যারেটিভকে হালনাগাদ ও যুগোপযোগী করতে হবে। | পরিচালক, গবেষণা বিভাগ |
| ০৯ | কক্সবাজার জেলার সি-বীচের নিকটবর্তী ইসলামিক ফাউন্ডেশনের নামে বরাদ্দকৃত জমির ব্যবহার | কক্সবাজার লাবনী সি-বীচ সংলগ্ন স্থানে মসজিদ নির্মাণের জন্য জেলা প্রশাসন কর্তৃক ইসলামিক ফাউন্ডেশনের নামে বরাদ্দ প্রদান করা হয়। সি-বীচ সংলগ্ন কোন মসজিদ নেই। পর্যটকগণ বীচ সংলগ্ন স্থানে নামাজ আদায় এবং নারী-পুরুষদের জন্য নিরাপদ বস্ত্র পরিবর্তনের কোন পরিবেশ নেই। ইতোমধ্যে এ স্থানে একটি প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন করার জন্য কুমিল্লা-ময়মনসিংহ ইমাম প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন প্রকল্পের খাত হিসেবে ডিপিপিতে অন্তর্ভূক্ত করা হয়। এ বিষয়টি এডিপি বইয়ের নামের সাথে সামঞ্জ্যপূর্ণ না হওয়ায় পরবর্তীতে বাদ দেয়া হয়। এমতাবস্থায়, মূল্যবান জায়গাটির সদ্ব্যবহার নিশ্চিত করার জন্য পৃথক প্রকল্প গ্রহণ করা যেতে পারে। | কক্সবাজার জেলার সমুদ্র সৈকতের নিকটবর্তী স্থানে ইসলামিক ফাউন্ডেশনের নামে বরাদ্দকৃত জমিতে মসজিদ কাম রিসোর্স সেন্টার/ প্রশিক্ষণ সেন্টার নির্মাণের লক্ষ্যে একটি প্রকল্প প্রণয়ন করতে হবে। | পরিচালক, পরিকল্পনা বিভাগ |

<table>
<tr>
<td>১০</td>
<td>গবেষণা বিভাগ</td>
<td>(ক) ইসলামিক ফাউন্ডেশন পত্রিকার জন্য ISSN নম্বর বিষয়ে আলোচনা (খ) বাদশাহ ফয়সাল পুরস্কার বিষয়ে আলোচনা (গ) ইসলামিক ফাউন্ডেশনের সদস্য হওয়ার নীতিমালা, ইসলামিক ফাউন্ডেশন পুরস্কার প্রদানের নীতিমালা ও ফেলোশিপ প্রদানের নীতিমালা (ঘ) ইসলামিক ফাউন্ডেশন পত্রিকার ৬৯ বর্ষ পূর্তির ওপর আলোচনা (ঙ) ইসলামিক ফাউন্ডেশনের আর্থিক নীতিমালা (Financial Regulations) ইত্যাদি বিষয়ে আলোচনা করা যেতে পারে।</td>
<td>(ক) ইসলামিক ফাউন্ডেশন ওয়েবসাইটে ইসলামিক ফাউন্ডেশন পত্রিকার পিডিএফ কপি প্রদর্শন করতে হবে।<br>(খ) বাদশাহ ফয়সাল পুরস্কারের জন্য উক্ত প্রতিযোগিতায় ইসলামিক ফাউন্ডেশন অংশগ্রহণ করবে।<br>(গ) ইসলামিক ফাউন্ডেশনের সদস্য হওয়ার নীতিমালা, ইসলামিক ফাউন্ডেশন পুরস্কার প্রদানের নীতিমালা ও ফেলোশিপ প্রদানের নীতিমালার বিষয়ে বোর্ড সভায় উপস্থাপনের জন্য স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব প্রস্তুতপুর্বক তা উপস্থাপন করতে হবে।</td>
<td>পরিচালক গবেষণা বিভাগ/ আইসিটি বিভাগ</td>
</tr>
<tr>
<td>১১</td>
<td>ইসলামিক মিশন বিভাগের জন্য রাজস্ব খাতে ৬০টি পদ সৃজন সংক্রান্ত</td>
<td>১৯৮৩-৮৪ সালে ১১টি ইসলামিক মিশন প্রতিষ্ঠার মাধ্যমে ইসলামিক মিশনের যাত্রা শুরু হয়। শুরু থেকে এ পর্যন্ত মোট ২৮টি ইসলামিক মিশন অনুমোদিত হয়। ২৮টি ইসলামিক মিশনে রাজস্ব খাতে ৩৭৩ জন জনবল রয়েছে। ২৮টি ইসলামিক মিশনের জনবল দিয়ে ৫০টি মিশন কেন্দ্র পরিচালিত হচ্ছে। এছাড়া প্রত্যেক বছরে অবসরজনিত কারণে বর্তমানে ইসলামিক মিশন বিভাগে অনেক পদ শুন্য থাকায় প্রত্যন্ত অঞ্চলে সকল মিশন কেন্দ্রে জনবলের স্বল্পতা রয়েছে। উল্লেখ্য যে, ইসলামিক মিশনের নতুন ৫টি কেন্দ্র যথা : ১) ইসলামিক মিশন ঘুনী, যশোর ২) ইসলামিক মিশন কালুপুর, ভোলা, ৩) ইসলামিক মিশন জিয়ানগর, পিরোজপুর ৪) ইসলামিক মিশন ইটনা, কিশোরগঞ্জ এবং ৫) ইসলামিক মিশন বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া কেন্দ্রের জন্য মোট ৬০টি পদ সৃজনে জনপ্রশাসন মন্ত্রণালয় এবং অর্থ মন্ত্রণালয়ের অনুমোদন রয়েছে। বর্তমানে সচিব কমিটিতে অনুমোদনের জন্য অপেক্ষমান রয়েছে। সভায় আলোচনাক্রমে উক্ত বিষয়ে পরবর্তী সিদ্ধান্ত গ্রহণ করা যেতে পারে।</td>
<td>এ বিষয়ে প্রশাসন বিভাগ থেকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। ইসলামিক মিশন বিভাগ সার্বিক সহযোগিতা করবে।</td>
<td>সচিব ইসলামিক ফাউন্ডেশন</td>
</tr>
<tr>
<td>১২</td>
<td>হালাল সনদ বিভাগের জন্য পদ সৃজন সংক্রান্ত</td>
<td>গত ০২/০৬/২০১৫ খ্রি. তারিখে অনুষ্ঠিত ইসলামিক ফাউন্ডেশন বোর্ড অব গভর্নরস এর ১৯৪ তম সভায় হালাল সনদ বিভাগের পদ সৃজনের সিদ্ধান্ত গৃহীত হয় (৩৪৭/২০১৫ নং সিদ্ধান্ত)। উক্ত সভায় হালাল কার্যক্রম সেল (বিভাগ) এর জন্য নিম্নোক্তভাবে পদ সৃজনের প্রস্তাব অনুমোদন করা হয়।
<table>
<tr><th>ক্রম</th><th>পদের নাম</th><th>গ্রেড</th><th>পদ সংখ্যা</th></tr>
<tr><td>১</td><td>পরিচালক</td><td>৫ম</td><td>১</td></tr>
<tr><td>২</td><td>উপ-পরিচালক</td><td>৬ষ্ঠ</td><td>১</td></tr>
<tr><td>৩</td><td>মুফাসসির</td><td>৭ম</td><td>১</td></tr>
<tr><td>৪</td><td>মুফতি</td><td>৭ম</td><td>১</td></tr>
<tr><td>৫</td><td>মুহাদ্দিস</td><td>৭ম</td><td>১</td></tr>
<tr><td>৬</td><td>কেমিস্ট</td><td>৭ম</td><td>১</td></tr>
<tr><td>৭</td><td>সহকারী পরিচালক</td><td>৯ম</td><td>১</td></tr>
</table>
</td>
<td>হালাল সনদ বিভাগের জন্য বর্ণিত পদ সৃজনের বিষয়ে প্রশাসন বিভাগ কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td>
<td>সচিব ইসলামিক ফাউন্ডেশন</td>
</tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| ৮ | সহকারী কেমিস্ট | ৯ম | ২ |
| ৯ | হিসাব রক্ষণ কর্মকর্তা | ৯ম | ১ |
| ১০ | প্রশাসনিক কর্মকর্তা | ১০ম | ১ |
| ১১ | পিএ | ১৩তম | ১ |
| ১২ | হিসাব রক্ষক | ১৩তম | ১ |
| ১৩ | লাব টেকনিশিয়ান | ১০ম | ৪ |
| ১৪ | কম্পিউটার অপারেটর | ১৩তম | ১ |
| ১৫ | নিম্নমান সহকারী | ১৫তম | ১ |
| ১৬ | এমএলএসএস/অফিস সহায়ক | ২০তম " | ৩ |
| ১৭ | মোট | | ২২ জন |

| | | | | |
|---|---|---|---|---|
| | | উপর্যুক্ত সিদ্ধান্তের আলোকে পদ সৃজনের প্রস্তাব ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণের জন্য প্রশাসন বিভাগ থেকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে। যৌক্তিকতা তৈরির ব্যাপারে হালাল সনদ বিভাগ প্রয়োজনীয় সহায়তা করতে পারে। আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণের জন্য সভায় উপস্থাপন করা হলো। | | |
| ১৩ | জমিয়তুল ফালাহ মসজিদ ও কমপ্লেক্স, চট্টগ্রাম | (ক) আসন্ন পবিত্র রমজানে তারাবীর জন্য হাফেজ নিয়োগ: গত রমজানে কোভিড-১৯ এর কারণে হাফেজ নিয়োগ করা হয়নি। এ বছর রমজানে হাফেজ নিয়োগের বিষয়ে প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ করা যেতে পারে।<br>(খ) রমজানে ইফতারের আয়োজন: জমিয়তুল ফালাহ মসজিদে রমজান মাসে রোজাদারদের জন্য অতীতে ইফতারের বাজেট বরাদ্দ ছিল। কিন্তু কোভিড-১৯ এর কারণে ইফতার বিতরণ করা হয়নি। আগামী রমজানে ইফতার আয়োজনের ব্যাপারে প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ করা যেতে পারে। | কোভিড-১৯ পরিস্থিতির পূর্বে উক্ত কর্মসূচি জমিয়তুল ফালাহ মসজিদে যেভাবে বাস্তবায়িত হতো এ বছরও সেভাবে বাস্তবায়িত হবে। | প্রকল্প পরিচালক জমিয়তুল ফালাহ মসজিদ কমপ্লেক্স |
| ১৪ | বিভাগীয় ও জেলা কার্যালয়ের সম্পত্তির হিসাব সংরক্ষণ | ইসলামিক ফাউন্ডেশনের প্রধান কার্যালয়, বায়তুল মোকারম জাতীয় মসজিদসহ সকল বিভাগীয় ও জেলা কার্যালয়, ৫০টি ইসলামিক মিশন, ৭টি ইমাম প্রশিক্ষণ একাডেমি এবং ৫৬০ মডেল মসজিদসহ অন্যান্য সকল অফিসের নিজস্ব সম্পত্তির হিসাব সংরক্ষণ ও ডাটাবেইজ করার একটি ফরমেট বা ছক তৈরি করা যেতে পারে। | ইসলামিক ফাউন্ডেশনের সকল সম্পত্তির হিসাব সংরক্ষণের জন্য আগামী ১৫ কর্মদিবসের মধ্যে একটি ফরমেট বা ছক তৈরি করতে হবে। পরবর্তীতে অনুমোদিত ছক বিভাগীয়/জেলা কার্যালয়, ইসলামিক মিশন ও ইমাম প্রশিক্ষণ একাডেমিতে প্রেরণ করে তথ্য সংগ্রহের ব্যবস্থা করতে হবে। | পরিচালক ল' এন্ড স্টেট বিভাগ |

৫। সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে সাহায্য কামনা করে মহান আল্লাহর নিকট মুনাজাত করা হয়। অতঃপর স্বাস্থ্যবিধি অনুসরণ ও সামাজিক দূরত্ব নিশ্চিত করে ইসলামিক ফাউন্ডেশনের সার্বিক কার্যক্রম বাস্তবায়নে সকলের সক্রিয় অংশগ্রহণ ও সহযোগিতা কামনা করে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

ড. মোঃ মুশফিকুর রহমান
মহাপরিচালক
(অতিরিক্ত সচিব)
ফোন : ৮১৮১৫১৬